

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রথমে আগের কাতার পূর্ণ করা, তারপর পরের কাতারে দাঁড়ানো প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأُمْرِ بِإِتْمَامِ الصَّفِّ الْمُقَدَّمِ ثُمَّ الْوُقُوفُ فِي الَّذِي يَلِيهِ

আরবী

2152 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَتِمُّوا الصَّفَّ المُقَدَّمَ فَإِنْ كَانَ نُقْصَانٌ فَلِيَكُنْ فِي المُؤَخَّرِ)

الراوي: أُنَس | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2152 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (675).

বাংলা

২১৫২. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা আগের কাতার পূর্ণ করবে, যদি কাতারে কমতি থাকে, তবে সেটা যেন পরের কাতারে থাকে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়া'লা: ১৫৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৪৬; মুসনাদ আহমাদ: ৩/১৩২; আবূ দাউদ: ৬৭১; সুনান বাইহাকী: ৩/১০২; বাগাবী, শারহুস সুনাহ: ৮২০; নাসাঈ: ২/৯৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন